

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জয়পুরহাট সদর, জয়পুরহাট

নং-০৫.৪৩.৩৮৪৭.০০০.০৩.০০৫.১৯-০৫৬

তারিখ : ০৪/০৩/২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা জয়পুরহাট সদর উপজেলাধীন নিম্নলিখিত ইউনিয়ন পরিষদের সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রাম পুলিশ (মহল্লাদার) শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের (শারীরিক ও মানসিক যোগ্যতাসম্পন্ন) স্থায়ী নাগরিকদের কাছ থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদ	ওয়ার্ড নং	মন্তব্য
০১	০৩ নং ভাদসা ইউনিয়ন পরিষদ	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০২ জন	১ ও ৫	সংশ্লিষ্ট ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২	০৪ নং মোহাম্মাদাবাদ ইউনিয়ন পরিষদ	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১জন	৭	সংশ্লিষ্ট ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
০৩	০৮ নং জামালপুর ইউনিয়ন পরিষদ	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০২ জন	৫ ও ৮	সংশ্লিষ্ট ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

আবেদনের নিয়মাবলী :

- ১। আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বর্তমান বয়স (১৪/০৩/২০১৯ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর) শারীরিক যোগ্যতার পরিমাপ, ইউনিয়ন পরিষদের নাম এবং শিক্ষাগত যোগ্যতার (৮ম শ্রেণী/জেএসসি/জেডিসি) বিবরণ প্রদান করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত।
- ২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
 - ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের মূল কপি।
 - খ) শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
 - গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-০৩(তিন) কপি।
 - ঘ) উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট বরাবর অফেরৎযোগ্য ৩০০/- (তিন শত) টাকার বিডি/পে অর্ডার দাখিল করতে হবে।
 - ঙ) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ এর সত্যায়িত কপি।
 - চ) দৈহিক মাপ-পুরুষ সর্বনিম্ন ৫ফিট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন- সর্বনিম্ন ৫০ কেজি।
 - ছ) দৈহিক মাপ-মহিলা সর্বনিম্ন ৫ফিট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন- সর্বনিম্ন ৪৫ কেজি।
- ৩। প্রার্থীর বয়সসীমা ১৪/০৩/২০১৯ তারিখে ১৮ হতে অনূর্ধ্ব ৩০ বছরের মধ্যে হতে হবে।
- ৪। দরখাস্ত উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর বরাবর সম্বোধন করে লিখতে হবে এবং আবেদন পত্র আগামী ১৪/০৩/২০১৯ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর ডাকযোগে প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই সরাসরি আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সমূহ বাতিল বলে গণ্য হবে।
- ৫। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ৬। নিয়োগ যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা নিয়োগকৃত কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(মিল্টন চন্দ্র রায়)

উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট
ফোন নং-০৫৭১-৬২২৪১
মোবাইল ০১৮৬৫০২০৩২১

unojoypurhat@mopa.gov.bd